

ঢাকা, ০৭ আগস্ট ২০১৯

যে জাতি মাত্র নয় মাসে দেশ স্বাধীন করতে পারে সে জাতি মশার কাছে

পরাস্ত হতে পারে না-শিক্ষা উপমন্ত্রী

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন যে জাতি নয় মাসে দেশ স্বাধীন করতে পারে সে জাতি মশার কাছে পরাস্ত হতে পারে না। তিনি আজ রাজধানীর ইউল্যাব এ ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক ক্যাম্পেইনের অংশ হিসেবে “ডেঙ্গু রোধে করণীয় ও সতর্কতা শীর্ষক” ইনফোগ্রাফিকের উদ্বোধনের সময় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

উপমন্ত্রী বলেন ঢাকা শহরে প্রায় ৫ লাখ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বসবাস। তারা জাতির বিবেক, এ দেশের সকল অর্জনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবদান ছিল প্রশংসার। ডেঙ্গু প্রতিরোধে এই ৫ লাখ শিক্ষার্থী যদি সচেতন হয় এবং প্রতিদিন কিছু সময় ব্যয় করে তাহলে আমরা সফল হব।

তিনি দলমত নির্বিশেষে সকলকে এই সংগ্রামে অংশ নেয়ার আহ্বান জানান। উপমন্ত্রী আজ খানমন্ডীর ৫ টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে সচেতনতামূলক ক্যাম্পেইন করেন। বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ হল ইউল্যাব, স্ট্যামফোর্ড, ইস্টার্ন, স্টেট এবং পিপলস। ইনফোগ্রাফিক অনুযায়ী ডেঙ্গু রোধে করণীয় বিষয়গুলো হল

❖ ফ্রিজ, এয়ারকন্ডিশনার বা এ্যাকুয়ারিয়াম, বাথরুম, ঘর ও ফুলের টবসহ বাসার বিভিন্ন স্থানে জমে থাকা পানি ৩ দিনের মধ্যে পরিবর্তন করুন।

- ❖ বাসা বাড়ির আসে- পাশে ঝোপ- ঝাড়, সীমানা দেওয়াল এর মাঝে এবং পার্কিং সহ কোথাও পানি জমতে না দেওয়া।
- ❖ টায়ার, মাটির পাত্র, টিনের কোঁটা, কাঁচের পাত্র, ডাব বা নারিকেলের খোসা, প্লাস্টিকের বোতল ইত্যাদিতে পানি জমতে দেওয়া যাবে না।
- ❖ দিনের বেলা ঘুমাতে হলে মশারি বা মশা নিরোধক ব্যবহার করুন।
- ❖ আবাসিক ও অফিস ভবনের দরজা ও জানালায় নেট ব্যবহার করুন।
- ❖ লম্বা হাতার শার্ট, কামিজ ও পায়জামা পরিধান করুন এবং পা ঢাকা যায় এমন কাপড় পরিধান করুন।
- ❖ খেয়াল রাখুন মশা যাতে না কামড়ায়।
- ❖ মশা নিধক কয়েল, ম্যাট, স্প্রে , তেল ও ক্রীম ব্যবহার করুন।
- ❖ বাড়ির ছাদে এবং নির্মাণাধীন ভবনে জমে থাকা পানির নিষ্কাশনের ব্যবস্থা নিন।

মোহাম্মদ আবুল খায়ের
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল নাম্বার:০১৭১৬০৬৬৮